মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের শোভাযাত্রা

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটি অনুমোদন দেওয়ায় আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

বুধবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি থেকে শোভাযাত্রা বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

আনন্দ শোভাযাত্রাতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল ইসলাম সোবহান ও সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহবায়ক আরিফুল এনাম বকুল।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কামাল হোসেন জুয়েল, শোয়েবুর রহমান, মোস্তাফিজুর রহমান চন্দন, আমিনুল ইসলাম খোকন, মতিউর রহমান, জুয়েল রানা, শেখ মো: শরিফ রেজা পান্না, রাশেদুল ইসলাম আনন্দ, তৌহিদুল ইসলাম তৌহিদ, হানিফ খান,জীবন আকবর, রেজাউল করিম, শাহরিয়ার হাসান, রবিউল ইসলাম, মোস্তাফিজুর রহমান তুহিন, শেখ সাদিক, রুবেল হোসেন, আশরাফুল ইসলাম।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুরে বিএনপির সমাবেশ

মেহেরপুরে ২৫শে জানুয়ারী ১৯৭৫ এর গণতন্ত্র হত্যা দিবস স্মরণে ও গণতন্ত্র পুনরুদ্ধারে ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে জেলা বিএনপি’র সমাবেশ।

বুধবার বিকালে মেহেরপুর কাথুলী বাসস্ট্যাণ্ডে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন অতিথি ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ন-সম্পাদক আরজুল্লা মাস্টার বাবলু।
সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

চুয়াডাঙ্গায় ৪ টি চোরাই মটরসাইকেলসহ সংঘবদ্ধ চক্রের ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ অভিযান চালিয়ে ৪ টি চোরাই মটরসাইকেলসহ সংঘবদ্ধ চক্রের ২ জনকে গ্রেফতার করেছে।উদ্ধার করেছে ৪ টি মটরসাইকেল।

জানাগেছে বুধবার ভোরের দিকে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজলের নেতৃত্বে। চুয়াডাঙ্গা সদর থানার এস আই হাসানুজ্জামান, সিন্দুরিয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মাজহারুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযানে ০৪টি চোরাই মোটরসাইকেল উদ্ধার এবং সংঘবদ্ধ চোর চক্রের ০২ (দুই) জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামি আলমডাঙ্গা থানার বকশিপুর মাঝেরপাড়া,গ্রামের রবিউল ইসলামের ছেলে সাইফুল ইসলাম (২৬)কে গ্রেফতার করে। সাইফুল ইসলামকে ব্যাপক জিজ্ঞাসাবাদে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানাধীন বকশিপুর, হাউসপুর সহ বেশ কয়েকটি জায়গায় চোরাই মোটরসাইকেল উদ্ধার অভিযান পরিচালনা করে।

গ্রেফতারকৃত আসামী সাইফুল ইসলামের স্বীকারোক্তি মতে সংঘবদ্ধ দলের আরেক সদস্য একই গ্রামের স্কুলপাড়ার আব্দুল গনির ছেলে ইমরান(২০) কে গ্রেফতার করে।উক্ত আসামীদ্বয়ের স্বীকারোক্তি ও দেখানো মতে ২টি পালসার, ডিসকভারি ১টি ১২৫ সিসি, ০১ টি টিভিএস

১১০ সিসি এবং ০১ টি ডায়াং ৮০ সিসি মোটরসাইকেল উদ্ধার করা হয়।

আসামিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ, আরো চোরাই মোটরসাইকেল উদ্ধার সহ মোটরসাইকেল চোর চক্রের অন্যান্য সদস্যদের গ্রেফতারে অভিযান অব্যাহত আছে।গতকালই তাদের দুইজনকে চুরি মামলাসহ সদর থানা পুলিশ চুয়াডাঙ্গা কোর্ট হাজত প্রেরন করেছে।

দামুড়হুদায় লাল তীর সীডের উদ্যোগে তুলা চাষের উপর মাঠ দিবস অনুষ্ঠিত

দামুড়হুদায় লাল তীর সীড লিমিটেডের উদ্যোগে তুলা চাষের উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে নতুন বাস্তুপুর ঈদগাহ মাঠে হাইব্রিড তুলা বীজ ডিএম-৪ জাতের ফলন বিষয়ক কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

লাল তীর সীডের জেনারেল ম্যানেজার কৃষিবিদ বসির উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবসে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ডের ডেপুটি ডাইরেক্টর কৃষিবিদ ড. কামরুল হাসান।

বিশেষ অতিথি ছিলেন তুলা উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গা জোনের সিসিডিও কৃষিবিদ শেখ আল মামুন, তুলা উন্নয়ন বোর্ডের মেহেরপুর জোনের সিসিডিও কৃষিবিদ এজাজুল ইসলাম, লাল তীর সীডের ডিভিশনাল ম্যানেজার কৃষিবিদ কামরুল হাসান ও দামুড়হুদা তুলা অফিসের কটন ইউনিট অফিসার বিদ্যুৎ চন্দ্র দাস।

এলাকার দুই শতাধিক তুলাচাষির উপস্থিতিতে অনুষ্ঠিত মাঠ দিবসে তুলা চাষের জমি নির্বাচন, বীজ ভিজানো ও বপন পদ্ধতি, অন্তবর্তীকালীন পরিচর্যা ও ফসল সংগ্রহ বিষয়ে আলোকপাত করা হয়। লাল তীর সীড ডিএম-৪ জাতের তুলা চাষ করে ভাল ফলন পেয়েছেন বলে জানান উপস্থিত তুলা চাষিরা। পরিশেষে তুলাচাষী নাসির উদ্দীনের তুলাক্ষেত পরিদর্শন করা

হয়। মাঠ দিবসটি পরিচালনা করেন লাল তীর সীডের মেহেরপুর রিজিওনাল ম্যানেজার কৃষিবিদ আবু রায়হান।

রোমেলা খাতুন রহমানিয়া মাদ্রাসায় কম্পিউটার দিলেন জেলা পরিষদে চেয়ারম্যান

চুয়াডাঙ্গা সদর উপজেলার সরিষাডাঙ্গা রোমেলা খাতুন রহমানিয়া মাদ্রাসা ও লিল্লাহবোর্ডিং এ দুইটা কম্পিউটার একটা প্রিন্টার দিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজু রহমান মন্জু।

দুপুর ১টায় জেলা পরিষদের কার্যালয়ে মাদ্রাসার সভাপতি ও সাধারণ সম্পাদকের হাতে দুইটা কম্পিউটার ও একটা প্রিন্টার তুলে দেন।

এময় জেলা পরিষদের চেয়ারম্যান বলেন মাননীয় প্রধান মন্ত্রী অলরেডি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ করছেন, আগামীতে স্মার্ট বাংলাদেশ বির্নিমাণের ঘোষণা দিয়েছেন সুতরাং এখন থেকেই আগামী প্রজন্ম যেন আধুনিক শিক্ষায় সুশিক্ষিত হয়ে বিশ্বের সাথে তাল মিলিয়ে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করতে পারে তারই অংশ হিসাবে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান, জেলা পরিষদের চুয়াডাঙ্গা সদর উপজেলার সদস্য জহুরুল ইলাম, সহকারী প্রকৌশলী আনিছা খানম, উপসহকারী প্রকৌশলী রোকনুজ্জামান, মাদ্রাসার সভাপতি নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান, জেলা পরিষদ চেয়ারম্যানের একান্ত সহকারী হৃদয় হাসান প্রমূখ।

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃস্কুল প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরণ

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদরাসা ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে দিনব্যাপী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার ৮ টি ইউনিয়ন ও একটি পৌরসভার মোট ২৮৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা অংশ নেয়। খেলা শেষে বিকেলে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমারদাস, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম।

উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। উপস্থিত ছিলেন মোক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বকতিয়ার উদ্দিন, জয়রামপুর ডিএস দাখিল মাদ্রাসার সুপার শহিদুল ইসলাম, দামুড়হুদা ডিএস দাখিল মাদরাসার সহকারী সুপার জয়নাল আবেদীনসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

খেলা পরিচালনা করেন ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান খোকন, আশাদুল হক, সামসুল হক, আব্দুল খালেক, ইউসুফ আলী, মাহমুদুল হাসান, ইব্রাহিম হোসেন, কামাল হোসেন, জাহিদুল ইসলাম, তিতুয়ার রহমান, জহির রায়হান ও জাফর আলী। অনুষ্ঠান পরিচালনা করেন শিক্ষক মিরাজুল ইসলাম ও মোস্তাফিজুর রহমান।

দর্শনায় পুলিশের উদ্দ্যেগে আনছার সদস্যদের মাঝে কম্বল বিতরন

দর্শনা থানা পুলিশের উদ্দ্যেগে আনছার সদস্যদের মাঝে কম্বল বিতরন অনষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডঙ্গা জেলা পুলিশের সহযোগিতায় চুয়াডঙ্গা পুলিশ সুপার আবদুল্লা আল মামুন এ কম্বল বিতরন করেন।

বুধবার ২৫ জানুয়ারি বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা থানা পুলিশের আয়োজনে দর্শনা থানা চত্বরে এ আয়োজন করে।ইউনাইটেড বিজনেস ক্লাব লিমিডেট,ঢাকার সহযোগিতায় এ কম্বল বিতরন অনুষ্টানে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের সভাপতিত্বে প্রায় ১শ জনের আনছার সদস্যদের মাঝে কম্বল বিতরন করে।

কম্বল বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপসস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। তিনি বলেন আমরা সব সময় মানুষের পাশে আছি।মানুষের সহযোগিতায় আমার দরজা সব সময় খোলা আছে।যে কোন সময় আমার সহযোগিতা পাবেন।

তিনি আরও বলেন পবিত্র কোরআনের সূরা আল-ইমরান আয়াত উদ্ধৃতি দিয়ে পুলিশ সুপার বলেন, আর যেন তোমাদের মধ্য থেকে এমন একটি দল হয়, যারা কল্যাণের প্রতি আহবান করবে, ভাল কাজের আদেশ দেবে এবং মন্দ কাজ থেকে নিষেধ করবে। আর তারাই সফলকাম। পুলিশ জনগণের সেবক। জনগণকে সেবা দেয়া পুলিশের কাজ। শীত এসেছে আমরা সবাই শীত অনুভব করছি। তাই শীতকে ভাগাভাগি করে নিতে আজকের এই কম্বল বিতরণ, সুতরাং যেকোনো সামাজিক কাজে পুলিশ ও সাংবাদিক যারা আচেন তারা সকলকে ভালো কাছের নির্দেশ দিবেন।

এসময় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ মুন্না বিশ্বাস, (দামুড়হুদা সার্কেল), দর্শনা থানার অফিসার ওসি (তদন্ত) আমানুল্লাহ আমান,ওসি (অপারেশন) নিরব হোসেন,এস আই টিপু সুলতান এস

আই নিতিশ বিশ্বাস, এস আই সোহেল,এ এস আই হাফিজ, এ এস আই তুহিন,এ অনুষ্ঠানটি পরিচালনা করেন দর্শনা থানার সেকেন্ড অফিসার আহম্মদ আলী বিশ্বাস।

কোটচাঁদপুর বিএনপির ১০ নেতা- কর্মী জামিনে মুক্তি

পেট্রোল বোমা ও ককটেল উদ্ধার মামলায় আদালত থেকে জামিনে মুক্তি পেলেন কোটচাঁদপুর পৌর কাউন্সিলর,ইউপি সদস্যসহ বিএনপির ১০ নেতা- কর্মী। বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ৭ ডিসেম্বর রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কোটচাঁদপুর থানায় মামলা হয় । যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। এরপর থেকে স্থানীয় থানা পুলিশের হাতে গ্রেফতার হন ১২ জন নেতা-কর্মী।

ওই মামলায় মঙ্গলবার আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা- কর্মী। যার মধ্যে রয়েছেন,কোটচাঁদপুর পৌরসভার কাউন্সিলর আবু হানিফ,ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেল মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান,গোবিন্দপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে মোয়াজ্জেম হোসেন (৫৫), পৌর এলাকার ভবানিপুর গ্রামের আবুল কাশেমের ছেলে অসিম হোসেন (৪০),উপজেলার বলাবাড়িয়া গ্রামের শাহাদাৎ কাজীর ছেলে হাদিউজ্জামান (৪০),গুড়পাড়ার রেজাউল হকের ছেলে রিপন উদ্দিন(৩৪),শিশির কুন্ডু গ্রামের মৃত নুরুল আমীন মুন্সির ছেলে গোলাম মোস্তফা ফারুক (৪২), হরিণদীয়া গ্রামের আব্দুল ফরিদ হোসেনের ছেলে ইউপি সদস্য আবুল হোসেন (৪০)।

এদিকে নেতা-কর্মীদের জামিনের খবরে জেল গেটে জড়ো হন কোটচাঁদপুর

বিএনপির নেতা-কর্মীরা। এরপর জেল থেকে বের হওয়ার পর তাদেরকে ফুলের মালা দিয়ে বরণ করেন তারা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল বলেন, বোমা ও ককটেল উদ্ধার মামলায় মঙ্গলবার ঝিনাইদহ জেলা দায়রা জজ কোটচাঁদপুর আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা-কর্মী। তবে কাগজ পত্রের কারনে বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

মেহেরপুরের সুবিদপুরে রাস্তার মাটি কেটে পুকুর তৈরির অভিযোগ

মেহেরপুরের সদর উপজেলার সুবিদপুর গ্রামে পুকুর খনন করে (সুবিদপুর-খাঁ পাড়ার) রাস্তা বন্ধের অভিযোগ করেছে গ্রামবাসীরা।

সুুবিদপুর খাঁ পাড়ার অর্ধশত ব্যক্তি মেহেরপুর সদর এসি ল্যাণ্ডের কাছে মো: শাহিন মল্লিক নামের এক মৎস ব্যবসায়ীর বিরুদ্ধে এ অভিযোগ করেন। দীর্ঘদিন ধরে তিনি এ কাজ করলেও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে দেখা যায়নি।

স্থানীয়দের অভিযোগ,এ রাস্তাটা মোট ৫৫ ফিট তার ভিতরে পুকুরে দখলে চলো গেছে ৭ ফিট। গ্রামটি যদি কোন মানুষ মারা যায় তাহলে খাটুলি নিয়ে যাওয়ার অবস্থা নাই। এর আগে আমরা গ্রামের লোকজন মিলে টাকা তুলে আমিন নিয়ে এনেছি ও রাস্তা মেপে পিলার মেরেছি। এবং আমরা বলেছি আপনাদের পুকুরের সিমানার মধ্যে আপনারা পুকুর খনন করেন কিন্তু তারা কারেনি।

স্থানীয়দের আরো অভিযোগ, এ আগে আমরা জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন কে ৩ দিন নিয়ে এসেছি। তিনি দেখে বলেছেন ঘাট খননের জন্য রাস্তাটা ভাঙ্গছেনা আপনারা আপনাদের আপন আপন ঘাট বাধেন। তারপরে আমরা রাস্তার ব্যবস্থা করবে এমনকি উপজেলা ইঞ্জিনিয়ার বলেছেন চান্দি নিবো আপনারা রাস্তাটা বেধে দেন। এ রাস্তা দিয়ে সুবিদপুর উত্তর পাড়া থেকে ২০০ জন ছাত্র-ছাত্রী পড়তে আসে আর বর্ষা

হলে তারা তাদের প্যান্ট জড়িয়ে আর ছেন্ডেল হাতে নিয়ে স্কুলে যায়।

এদিকে শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, আমরা যখন স্কুলে যায় তখন যদি এ রাস্তা দিয়ে কোন গাড়ি আশে তাহলে আমরা সাইড দিতে গেলে আমাদের পুকুরের দিকে ঠলে পড়তে হয় এমকি যখন শীত কালে পুকুর খনন করে তখন রাস্তাতে অনেক ধুলা বাতাস উঠলে আমাদের চোখে মুখে ভর্তি হয়ে যায়।

কোটচাঁদপুর ট্রেন লাইনের উপর থেকে যুবকের মৃত দেহ উদ্ধার

কোটচাঁদপুর ট্রেন লাইনের উপর থেকে মনির হোসেন নামের এক যুবকের মৃত দেহ উদ্ধার করেছেন জিআরপি পুলিশ। আজ বুধবার এ মৃত দেহ উদ্ধার করা হয়।

মহেশপুরের যাদবপুর ইউনিয়নের ইউপি সদস্য আরিফুল ইসলাম বলেন, মনির হোসেন পাতরা ঢাকা পাড়ার মৃত মফেজ উদ্দিনের ছেলে। তবে তারা এখানকার স্থায়ী বাসিন্দা ছিলেন না। বেশ কিছুদিন আগে নোয়াখালী অথবা নারানগঞ্জ থেকে এখানে এসেছিল।

তাঁর বউ ও দুই মেয়ে আছে। তবে বউয়ের সঙ্গে দুই বছর আগে ছাড়া ছাড়ি হয়ে গেছে। আর দুই মেয়ের মধ্যে একটা পাতরা গ্রামে থাকেন। আরেকটি তাঁর মায়ের সঙ্গে থাকেন। মনির হোসেন গেল এক সপ্তাহ আগে এ গ্রামে এসেছিল।

কোটচাঁদপুর কলেজ রেল গেটের গেটম্যান সাব্বির আহম্মেদ বলেন,মঙ্গলবার রাত ১১ সময় স্টেশন মাস্টার আমাকে মোবাইল করেছিল। বলছিল স্টেশনের আশা-পাশে কোথাও কোন মৃত দেহ আছে কিনা। ওই সময় খোজ করে কোন মৃত দেহ দেখতে পায়নি।

আজ সকালে পথচারীদের মাধ্যমে জানতে পারি মৃত দেহের কথা। এরপর আমি স্টেশন মাস্টারকে বিষয়টি জানিয়েছি। তবে কখন কিভাবে ঘটেছে বলতে পারবো না।

স্টেশন মাস্টার ইয়াছির আরাফাত বলেন,রাতেই খবর পেয়ে ছিলাম। তবে লাশের সন্ধান পাওয়া যায়নি রাতে। বুধবার সকালে গেটম্যানের মাধ্যমে জানতে পেরেছি।

তিনি বলেন, সীমান্ত ট্রেনে কাটা পড়তে পারে ওই ব্যক্তির। জিআরপি পুলিশকে ঘটনাটি জানানো হয়েছে।

যশোর জিআরপি পুলিশের উপপরিদর্শক (এসআই) রবিউল ইসলাম বলেন,খবর পেয়ে এসে দেখলাম মনির হোসেনের দ্বি-খন্ডিত মৃত দেহ। তদন্ত শুরু হয়েছে, শেষ না হওয়া পর্যন্ত বলা সম্ভব না। এটা হত্যা না আত্মহত্যা।